দৈনিক জনকণ্ঠ 135

তারিখ 19 DEC 1998
পৃষ্ঠা ১ কলাম ৬

# অশালীন আচরণের অভিযোগে ঢাকা ভার্সিটির শিক্ষক সাসপেণ্ড

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক এম শহীদুজ্জামানকে সাসপেন্ড করা হয়েছে। গত বৃহস্পতিবার রাতে সিন্ডিকেটের এক বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগের মাষ্টার্সের জনৈক ছাত্রী এই শিক্ষকের বিরুদ্ধে অশালীন আচরণের অভিযোগ আনার

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## অশালীন আচরণের

*(প্রথম পাতার পর)*

পর কর্তৃপক্ষ তদন্ত সাপেক্ষে এ ব্যবস্থা নিয়েছে।

এদিকে সাসপেন্ড হওয়ার খবর শুনে অধ্যাপক শহীদুজ্জামান মানসিকভাবে ভেঙ্গে পড়েছেন বলে তার পারিবারিক সূত্রে জানা গেছে তাঁর পরিবারের জনৈক সদস্য জানিয়েছেন পুরো ঘটনাটি নিছক ষড়যন্ত্র। অভিযোগকারী বিভিন্ন সময় ভিন্ন ভিন্ন কথা বলছে অভিযোগের সত্যতা নিয়েই প্রশ্ন রয়েছে। তাঁর পরিবার এ ঘটনার যথাযথ তদন্ত করে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানিয়েছে।

জনৈক ছাত্রী অভিযোগ আনার পর কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করে সত্যতা যাচাই করেছে। বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী অধ্যাপক শহীদুজ্জামান একটি 'সাজানো নাটক' ও একটি বিশেষ মহলের ষড়যন্ত্রের শিকার। কর্তৃপক্ষের প্রদত্ত শাস্তি নিয়েও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একাংশের মনে প্রশ্ন দেখা দিয়েছে— 'এভাবে যে কোন ছাত্রী ইচ্ছা করলে যে কোন শিক্ষককে হেয়প্রতিপন্ন করতে পারবে।'